

॥ হাদিস সম্মান

হাদিস নাম্বারঃ ১৭৩

৩/ নিয়াত

পরিচ্ছেদঃ 'রিয়া' (লোক-প্রদর্শনমূলক কার্যকলাপ) হারাম

আরবী

عَنْ أَبِي سَعِيدٍ قَالَ خَرَجَ عَلَيْنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَنَحْنُ نَتَذَكَّرُ الْمَسِيحَ الدَّجَّالَ فَقَالَ أَلَا
أُخْبِرُكُمْ بِمَا هُوَ أَخْوَفُ عَلَيْكُمْ عَنِّي مِنْ الْمَسِيحِ الدَّجَّالِ؟ قَالَ قُلْنَا بَلَى فَقَالَ الشَّرْكُ
الْخَفِيُّ أَنْ يَقُومَ الرَّجُلُ يُصْلِي فَيُرِيكُنَّ صَلَاتَهُ لِمَا يَرَى مِنْ نَظَرٍ رَجُلٌ

বাংলা

(১৭৩) আবু সাউদ খুদরী (রাঃ) কর্তৃক বর্ণিত, তিনি বলেন, একদা আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নিকট এলেন। তখন আমরা কানা দাজ্জাল নিয়ে আলোচনা করছিলাম। তিনি বললেন, আমি তোমাদেরকে এমন জিনিসের কথা বলে দেব না কি, যা আমার নিকট তোমাদের জন্য কানা দাজ্জাল অপেক্ষাও অধিক ভয়ানক? আমরা বললাম, অবশ্যই বলে দিন, হে আল্লাহর রসূল! তিনি বললেন, গুপ্ত শির্ক; আর তা এই যে, এক ব্যক্তি নামায পড়তে দাঁড়ায়। অতঃপর অন্য কেউ তার নামায পড়া লক্ষ্য করছে দেখে সে তার নামাযকে আরো অধিক সুন্দর করে পড়ে।

ফুটনোট

(ইবনে মাজাহ ৪২০৪, বাইহাকী, সহীহ তারগীব ২৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবু সাউদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=62969>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন